উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটির সভা
সভাপতি:- প্রশাসক,উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর।
স্থান:- উপজেলা পরিষদ হলরুম, বোচাগঞ্জ, দিনাজপুর ।
তারিখ- ১৫/১০/২০২৫খ্রি:, সময়: সকাল ১১.৩০ ঘটিকা।

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে আহ্বান করেন। প্রথমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে সভায় তা দৃঢ়ীকরণ করা হয়।

উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, প্রাথমিক শিক্ষার সার্বিক গুনগত মান উন্নয়নের জন্য বিদ্যালয়ে মানসম্মত অবকাঠামোসহ সুন্দর পরিবেশ থাকা প্রয়োজন। কিন্তু অত্র উপজেলার অনেক প্রাথমিক বিদ্যালয়ের অবকাঠামো ভাল নয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। প্রাথমিক বিদ্যালয়সমূহের অবকাঠামো উন্নয়নের বিষয়টি উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটির সভায় আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত: বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের সুন্দর ও মনোরম পরিবেশ পাঠদান নিশ্চিত করার জন্য উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটির সম্মানিত সকল সদস্য এবং বিদ্যালয় পরিচালনা কমিটির সম্মানিত সদস্যগনকে সার্বিকভাবে সহযোগিতা করার জন্য অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, অত্র উপজেলার প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী ঝরে পড়ার হার রোধ করার জন্য গৃহীত পদক্ষেপের কারনে শিক্ষার্থী ঝরে পড়া অনেক কমে গেছে। প্রাথমিক শিক্ষার সার্বিক গুনগত মান উন্নয়ন এ কর্যক্রম অব্যাহত রাখতে হবে। ঝরে পড়া রোধ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত:- ঝরে পড়া রোধসহ ইতোপূর্বে ঝরে পড়া শিক্ষার্থীদের বিদ্যালয়ে ফিরিয়ে আনার লক্ষ্যে উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটি, ইউনিয়ন ও বিদ্যালয় ট্রাস্কফোর্স কমিটির সম্মানিত সকল সদস্য এবং বিদ্যালয় পরিচালনা কমিটির সম্মানিত সদস্যগনকে উদ্বুদ্ধ করার প্রয়োজনে নিয়মিতভাবে এ কমিটির সভা অনুষ্ঠানসহ কার্যকর ব্যবস্থা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, অত্র উপজেলার ২০২৫ সালের সরকারি প্রাথমিক বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ বিষয়ে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষককে গুরুত্ব সহকারে প্রাথমিক বৃত্তি পরীক্ষার শিক্ষার্থীদের বিশেষভাবে যত্ন নেওয়ার জন্য সর্বসম্মতিক্রমে অনুরোধ জানানো হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত:- ২০২৫ সালের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বৃত্তি পরীক্ষার ফলাফল যাতে ভাল হয় সে জন্য এ কমিটির সম্মানীত সদস্যগনকে বিদ্যালয় পর্যায়ে তাঁদের সহযোগিতা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

অত:পর উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

১৫/১০/২০২৫

সভাপতি
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটি
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর।

১৫/১০/২০২৫